

মহাপ্রভু মহাক্রোধে আরক্ত নয়ন।
 'মরা শব এখানে আনিলি কি কারণ।।
 এ নহে শ্মশানঘাট করিবি দাহন।
 তাহা শুনি সর্ব্বজনে জুড়িল ক্রন্দন।।
 স্তবন করিয়া সবে কাঁদিতে লাগিল।
 দয়াময় শ্রীহরির দয়া উপজিল।।
 প্রভু বলে 'মরা লয়ে ফিরে যা রে বাড়ী।
 হাটবাড়া বিল মধ্যে মরা দিবি ছাড়ি।।
 ক্ষণেক বসিয়া থেকে করিবি দর্শন।
 বুড়বুড়ি উঠিবেক থাকিলে জীবন।।
 যদি না জীবন থাকে শ্বাস ছাড়িবে না।
 বাড়ী ফিরে যা'স তোরা প্রাণে বাঁচিবে না।।
 তাহা শুনি শব ল'য়ে করিল গমন।
 হাটবাড়া বিলে এসে দিল দরশন।।
 ঠাকুরের কথা মত জলে ছেড়ে দিল।
 নিঃশ্বাস প্রতীক্ষা ক'রে বসিয়া রহিল।।
 দণ্ডেক বসিয়া থেকে বলে সর্ব্বজন।
 'বাঁচিবে না নিজালয় করহ গমন।।'
 এতবলি নৌকা বেয়ে কতদূর যায়।
 মায়া-মোহে মুগ্ধ হ'য়ে একজন কয়।।
 'মরা শব ফেলে যাই না ক'রে সংকার।
 কই তা'তে রক্ষা হ'ল বৈদিক আচার।।
 শব ল'য়ে বাড়ী চল করিব দাহন।
 করিব বৈদিক ক্রিয়া শ্রাদ্ধাদি তর্পণ।।'
 এতবলি নৌকা ল'য়ে সেইখানে গেল।
 শব উঠাইতে সবে উদ্যোগী হইল।।
 হেনকালে নিঃশ্বাস ছাড়িল একবার।
 এক বুড়বুড়ী উঠে জলের উপর।।
 পুনরায় বুড়বুড়ী উঠিল যখন।
 দেখিয়া সকলে হ'ল আনন্দিত মন।।
 দেখিতে দেখিতে শব নড়িয়া উঠিল।
 উপরে উঠিবে ভেবে হাত বাড়াইল।।

ধরাধরি করি পরে তরী পরে তুলে।
 হরি বলে সবে মিলে ওড়াকান্দী চলে।।
 আদ্যোপান্ত বৃত্তান্ত বলিল প্রভু ঠাই।
 প্রভু বলে "বাঁচিয়াছে কোন চিন্তা নাই।।"
 হরি বলি হরিধ্বনি দিল সর্ব্বজন।
 হরি কৃপা বলে মৃতে পাইল জীবন।।



সতীর সাধনায়

মৃতপ্রায় পতির জীবন রক্ষা

রাজনগর নিবাসী উদয় পাগলা।
 ম'রে ছিল প্রাণ পেল হ'ল হরিবোলা।।
 সান্নিপাত জ্বরের বিকার বৃদ্ধি হ'ল।
 তাহার রমণী কেঁদে শ্রীধামে চলিল।।
 শ্রীহরি-চরণে ধরি করে হাহাকার।
 শ্রীমধুসূদন হরি রক্ষ এই বার।।
 স্বামী মোর জ্বররোগে মুচ্ছা'গত হয়।
 আছে কি মরেছে প্রাণে না জানি নিশ্চয়।।'
 প্রভু বলে 'তো'র স্বামী প্রাণে মরিবে না।
 যাহা বলি তাহা কর ঘুচিবে যন্ত্রণা।।
 বাড়ী গিয়ে ফেলে দে হাতের শাঞ্চ চুড়ী।
 সাদা বস্ত্র পর তাজে লাল পে'ড়ে শাড়ী।।
 সিঁথির সিন্দুর ত্যাগ করিয়া ফেলিবে।
 নূতন সিন্দুর এক থান কিনে নিবে।।
 বিধবা বলিয়া লোকে কত খোঁটা দিবে।
 রঙ্গ ব্যঙ্গ করে, তো'রে কত মন্দ ক'বে।।
 তা হ'লে ঘুচিবে তো'র বৈধব্য যন্ত্রণা।
 এরূপ করিলে তো'র স্বামী মরিবে না।।
 সিন্দুর গুলিয়া ভাল তৈলের মিশ্রণে।
 স্বামী বৃদ্ধাঙ্গুলী নখে মাখিবি যতনে।।
 লালপেড়ে শাড়ীখানা কর পরিধান।
 ভুল নাহি কর সদা থেক সাবধান।।